



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সুনামগঞ্জ সরকারি কলেজ

ফোন: ০২৯৯৬৬০০৭২৬, ই-মেইল: sgovc@yahoo.com

ওয়েবসাইট: www.sugc.edu.bd/

তারিখ: ০৭ এপ্রিল ২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের মাস্টার্স (নিয়মিত) ১ম মেধা তালিকা হতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের মাস্টার্স (নিয়মিত) ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অদ্য ০৭/০৪/২০২৬ খ্রি. মঙ্গলবার থেকে ২০/০৪/২০২৬ খ্রি. সোমবার সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে।

মাস্টার্স (নিয়মিত) ভর্তি প্রক্রিয়া		
ভর্তিইচ্ছুক শিক্ষার্থীদের করণীয় ধাপসমূহ		
ধাপ	তারিখ	
১ম ধাপ	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে।	০৭/০৪/২০২৬খ্রি. থেকে
২য় ধাপ	সোনালী বিল পেমেন্ট সিস্টেমের মাধ্যমে ফি-জমাদান করতে হবে।	২০/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত।
৩য় ধাপ	কলেজ ওয়েবসাইটে ভর্তির ফরম পূরণ করতে হবে।	
৪র্থ ধাপ	প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। (নিজ নিজ বিভাগ)	১৫/০৪/২০২৬খ্রি. থেকে ২০/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত।

০১. অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ ও উত্তোলন: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://app1.nu.edu.bd/Master's> ট্যাব এ গিয়ে Applicant Login অপশনে Master's Login লিংকে গিয়ে ভর্তির রোল ও পিন নম্বর দিয়ে লগইন করে চূড়ান্ত ভর্তি ফরমপূরণ করতে হবে। পূরণকৃত ভর্তির মূল আবেদন ফরম ০২ কপি (Applicant's Copy & College Copy) A4 সাইজ কাগজে প্রিন্ট করে কলেজে জমা দিবে। শিক্ষার্থীদের অনলাইনে ভর্তির আবেদন ফরম উত্তোলন ২০/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত চলমান থাকবে। ফরম উত্তোলন না করা হলে শিক্ষার্থীকে কোনোভাবেই ভর্তি করা সম্ভব না।

বি.দ্র. শিক্ষার্থীর নিজের কোনো প্রকার ভুলের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০২. শিক্ষার্থীদের ভর্তির ফি জমাদান:

ক) ভর্তি ফিসের বিবরণ:

বিভাগ	ভর্তি ফিসের পরিমাণ
বাংলা, ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান	৫,৪০১/-

খ) ভর্তি ফি জমাদান:

ক) সোনালী বিল পেমেন্টে অথবা সোনালী ই-সেবা ব্যবহারের পদ্ধতি:

১। <https://billpay.sonalibank.com.bd/> লিংকে ক্লিক করে সোনালী বিল পেমেন্ট সিস্টেম পেইজে যেতে হবে।

২। National University Fees আইকনে ক্লিক করে Admission Fee তে ক্লিক করতে হবে।

৩। Master's Final Year সিলেক্ট করে College অংশ থেকে Sunamganj Govt. College সিলেক্ট করতে হবে।

৪। এরপর জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ভর্তির আবেদন ফরম থেকে Admission Roll সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

৫। সঠিকভাবে নিজের পূর্ণ Name ও Mobile নম্বর ইংরেজিতে এন্ট্রি দিয়ে Next এ ক্লিক করতে হবে।

৬। এবার Payment Method সিলেক্ট করে আবেদন ফি পরিশোধ করে কাজ সম্পন্ন করতে হবে।

৭। ফি প্রদান সম্পন্ন হলে একটি পেমেন্ট স্লিপ আসবে তা ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

অথবা

খ) সোনালী ই-সেবা এ্যাপের মাধ্যমে:

১। প্লে-স্টোর থেকে Sonali eSheba এ্যাপটি ডাউনলোডপূর্বক ইন্সটল এর মাধ্যমে এ্যাপটি চালু করে উপরে বর্ণিত পদ্ধতির ২নং থেকে অনুসরণ করে ফি পরিশোধ কাজ সম্পন্ন করতে হবে।

আবেদনকারীকে কলেজ ওয়েবসাইট <https://www.sugc.edu.bd/> এর Admission ট্যাব এ গিয়ে Apply Now বাটনে ক্লিক করে Identification Number-এ ভর্তির রোল, পেমেণ্টের Transaction ID ও প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফরম পূরণ করবে। পূরণকৃত ভর্তির আবেদন ফরম A4 সাইজ কাগজে প্রিন্ট করে কলেজে জমা দিবে।

০৪. প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে জমাদান:


ক) প্রয়োজনীয় কাগজপত্র:

১. ভর্তির মূল আবেদন ফরম এক কপি (College Copy) (১ম ধাপ হতে প্রাপ্ত)
২. ফি জমাদানের পেমেণ্ট স্লিপ এর প্রিন্টেড কপি এক কপি (২য় ধাপ হতে প্রাপ্ত)
৩. কলেজ ওয়েবসাইটে ভর্তির ফরম এক কপি (৩য় ধাপ হতে প্রাপ্ত)
৪. স্নাতক (সম্মান) পরীক্ষার একাডেমিক সাময়িক সনদ, ট্রান্সক্রিপ্ট, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের এক সেট ফটোকপি।
৫. দুই কপি সদ্য তোলা রস্টিন পাসপোর্ট সাইজের ছবি (ছবি অবশ্যই মার্জিত ও অফিসিয়াল হতে হবে) এবং ছবির পেছনে শিক্ষার্থীর পূর্ণ নাম ও ভর্তির পর কলেজ থেকে প্রাপ্ত ক্লাস রোল নম্বর লিখে দিতে হবে।
৬. একটি A4 সাইজের খামের উপর শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষাবর্ষ, ভর্তির বিভাগ, ভর্তির পর কলেজ হতে প্রাপ্ত ক্লাস রোল ও মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) লিখে খামের মধ্যে কাগজপত্রসহ জমা দিবে।


খ) কাগজপত্র জমাদানের সময়সূচি:

বিভাগ	তারিখ	সময়	জমাদানের স্থান
বাংলা, ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান	১৫/০৪/২০২৬খ্রি. থেকে ২০/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত।	সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত।	নিজ নিজ বিভাগ

প্রতিস্বাক্ষর,


০৭.০৪.২৬
অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ


০৭.০৪.২৬
আস্থায়ক

২০২৩-২০২৪ মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ